



ইসলাম প্রতিদিন
নিয়মার্থ-১৪



ইসলাম এন্ড লাইফ
ISLAM AND LIFE

info@ac.islamandlife.org, www.ac.islamandlife.org

+88 01708 43 41 95

কুরআন

রিসালাত

إِنَّا أَرْسَلْنَاكَ بِالْحَقِّ بَشِيرًا وَنَذِيرًا ۖ وَلَا تُسْأَلُ عَنْ أَصْحَابِ الْجَحِيمِ {٩١١:٢}

অর্থ: নিশ্চয়ই আমি আপনাকে সত্যধর্মসহ সুসংবাদদাতা ও ভীতি প্রদর্শনকারীরূপে পাঠিয়েছি।
আপনি দোষখবাসীদের সম্পর্কে জিজ্ঞাসিত হবেন না। (সূরা বাকারা: আয়াত ১১১)

فَلَا وَرِبَّكَ لَا يُؤْمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنفُسِهِمْ حَرَجًا مَّا
قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا {٥٦:٤}

অর্থ: অতএব, তোমার পালনকর্তার কসম, সে লোক ঈমানদার হবে না, যত্ণণ না তাদের মধ্যে সৃষ্ট
বিবাদের ব্যাপারে তোমাকে ন্যায়বিচারক বলে মনে না করে। অতঃপর তোমার মীমাংসার ব্যাপারে
নিজের মনে কোন রকম সংক্ষীর্ণতা পাবে না এবং তা হস্তচিত্তে কবুল করে নেবে।
(সূরা নিসা: আয়াত ৬৫)

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ وَلَا تَوَلُّوْا عَنْهُ وَأَنْتُمْ تَسْمَعُونَ {٠٢:٨}

অর্থ: হে ঈমানদারগণ, আল্লাহ ও তাঁর রসূলের নির্দেশ মান্য কর এবং শোনার পর তা থেকে বিমুখ
হয়ো না। (সূরা আ'রাফ: আয়াত ২০)

হাদিস রিসালাত

عَنْ أَبِي هُرَيْرَةَ : أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : " إِنَّ مَثْلِي وَمَثْلَ الْأَنْبِيَاءِ مِنْ قَبْلِي كَمَثْلٍ رَجُلٍ بَنَى بَيْتًا فَأَحْسَنَهُ وَأَكْمَلَهُ ، إِلَّا مَوْضِعُ لَبِنَةٍ مِنْ زَوَابِيَاهُ الْلَّبِنَةُ ؟ فَجَعَلَ النَّاسُ يَطُوفُونَ وَيَعْجَبُونَ لَهُ وَيَقُولُونَ : هَلا وُضَعْتُ هَذِهِ الْلَّبِنَةُ ؟ قَالَ : فَأَنَا الْلَّبِنَةُ ، وَأَنَا خَاتَمُ النَّبِيِّينَ " .

অর্থ: হযরত আবু খুরায়রা রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সা. বলেছেন, আমার ও আমার পূর্ববর্তী নবীদের উপমা হচ্ছে এরূপ: এক ব্যক্তি একটি সুন্দর সুরম্য অট্টালিকা নির্মাণ করলো। কিন্তু সে এক কোণে একটি ইটের জায়গা খালি রেখে দিলো। অতঃপর লোকেরা এসে অট্টালিকাটি ঘুরেফিরে দেখতে লাগলো এবং তারা বিস্মিত হয়ে বলতে লাগলো- ঐ ইটটি কেন লাগানো হয়নি। রাসূলুল্লাহ সা. বললেন, আমিই সেই ইট আমি সর্বশেষ নবী।

(সহীহ বুখারি ৪/৩৫৩৫)



ফিকাহ

কিতাব: আহকামে জিন্দেগী অধ্যায় : নাপকীর বর্ণনা বিষয়: পবিত্রতা অর্জনের নিয়ম

- * বিছানার এক কোণ নাপাক এবং বাকি অংশ পাক হলে পাক অংশে নামাজ পড়া জায়েজ আছে।
- * না ধুয়ে কাফেরদের কাপড় বা বিছানায় নামাজ পড়া মাকরুহ।
- * তুলার গদি, তোষক অথবা লেপে যদি মল, মৃত্র বা অন্য কোন প্রকার নাজাছাত লাগে তাহলে পানি দ্বারা ধোত করতে হবে। প্রতিবার পানি প্রবাহিত করার পর এমনভাবে রেখে দিবে যেন সমস্ত পানি ঝরে যায়, তারপর আবার পনি প্রবাহিত করবে, এভাবে তিনবার করলেই পাক হয়ে যাবে। তুলা ইত্যাদি বের করে ধোত করার প্রয়োজন নেই।